# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin
# Date: 16.04.24
# Time: 07.35 A.M.

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) লোকসভা নির্বাচনে প্রথম দফার ভোটের জন্য প্রচারাভিযান আগামীকাল বিকেলে শেষ হচ্ছে।

প্রধানমন্ত্রী, মুখ্যমন্ত্রী সহ অন্যান্য রাজনৈতিক দলের নেতৃবৃন্দ আজ ভোট প্রচারে অংশ নিচ্ছেন।

২) বেহালা ফ্লাইং ক্লাবে হেলিকপ্টারে আয়কর তল্লাশি নিয়ে আইনী পথে লড়াই করবেন বলে তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক জানিয়েছেন।

এদিকে নির্বাচন কমিশনের বক্তব্য নির্দেশ মেনেই এই তল্লাশি।

৩) উত্তর দিনাজপুরের দাড়িভিট মামলায় রাজ্য প্রশাসনের তিন শীর্ষ কর্তা অবশেষে হাইকোর্টে হাজিরা দিয়েছেন।

৪) দক্ষিণবঙ্গে আগামী কয়েকদিনে ফের তাপপ্রবাহের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

৫) মোহনবাগান সুপার জায়ান্ট আইএসএল ফুটবলে লিগ শিল্ড জয় করেছে।

---

লোকসভা নির্বাচনে প্রথম দফার ভোটের জন্য প্রচারাভিযান আগামীকাল বিকেলে শেষ হচ্ছে। প্রথম দুদফার জন্য জমে উঠেছে প্রচারাভিযান। ভোটপ্রচারে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ফের রাজ্যে আসছেন। এই পর্বে দক্ষিণ দিনাজপুরের বালুরঘাট এবং উত্তর দিনাজপুরের রায়গঞ্জে নির্বাচনী জনসভা করবেন তিনি। প্রধানমন্ত্রীর সভাকে ঘিরে ব্যাপক নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে।

এদিকে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিও ভোট প্রচারে এখন উত্তরবঙ্গে। তারও আজ দুটি কর্মসূচি রয়েছে। প্রথমে জলপাইগুড়িতে দলীয় প্রার্থীর সমর্থনে জনসভা করবেন তিনি। এরপর দুপুর আড়াইটে নাগাদ শিলিগুড়ির এয়ারভিউ মোড় থেকে বাঘাযতীন পার্ক পর্যন্ত দার্জিলিঙের প্রার্থীর সমর্থনে একটি রোড শোতে তৃণমূল কংগ্রেস নেত্রী অংশ নেবেন।

দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় কোচবিহার ও আলিপুরদুয়ারের দলীয় প্রার্থীদের হয়ে প্রচার অংশ নেবেন। কোচবিহারে একটি জনসভা এবং আলিপুরদুয়ার একটি রোড শোয়ের কর্মসূচি রয়েছে তাঁর।

অন্যদিকে, যাদবুপরে বাম প্রার্থী আজ সকাল সকালই প্রচার কর্মসূচী শুরু করবেন। অন্যান্য কেন্দ্রের বাম প্রার্থীরাও নিজ নিজ এলাকায় জনসভা, পদযাত্রা, মিটিং, মিছিলে অংশ নেবেন।

দক্ষিণ ২৪ পরগণার জয়নগরের কুলতলীতে এইএসএফ বিধায়ক নৌশাদ সিদ্দিকি দলীয় প্রার্থীর সমর্থনে জনসভায় যোগ দেবেন।

----------------------

এদিকে, প্রথম দফায় উত্তরবঙ্গের তিন আসন, কোচবিহার, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ারের জন্য এই দফায় ভোট নেওয়া হবে শুক্রবার ১৯ শে এপ্রিল। প্রায় ৯৭ কোটি ভোটদাতা প্রথম পর্যায়ে তাদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করবেন।

অবাধ ও সুষ্ঠু ভোটগ্রহণ সুনিশ্চিত করতে নির্বাচন কমিশন সবরকমের ব্যবস্হা নিয়ে□। প্রথম দফার ভোটে সব বুথেই থাক□ কেন্দ্রীয় বাহিনী। বুথের ভেতরে ১-শো শতাংশ ওয়েব কাস্টিং-এর ব্যবস্হাও রাখা হচ্ছে। তবে, আলিপুরদুয়ার ও জলপাইগুড়ির কি□ু অঞ্চলে ওয়েবকাস্টিং সম্ভব না হলে সেখানে মাইক্রো অবজার্ভার থাকবেন বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গে□।

কোচবিহার, আলিপুরদুয়ার ও জলপাইগুড়ি – এই তিন আসনের প্রতিটিতে ভোটের পর হিংসা নিয়ন্ত্রণ ও স্ট্রং রুম পাহারার জন্যও দুই কোম্পানী করে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন থাকবে বলে জানা গে□।

এদিকে, দ্বিতীয় দফায় ২৬ শে এপ্রিল দার্জিলিং, রায়গঞ্জ এবং বালুরঘাটে ভোটগ্রহণ। তার আগেই রাজ্যে আসতে চলে□ আরও ২২ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী। এর মধ্যে সিকিম থেকে ৯ এবং মেঘালয় থেকে ১৩ কোম্পানী বাহিনী আসবে বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর থেকে জানানো হয়ে□। তিন আসনে ভোটের সময় ২৭২ কোম্পানী বাহিনী ব্যবহার করা হবে।

----------------------

শীতলকুচিতে ভোট চলাকালীন গুলি চালনায় প্রাণহানির মতো ঘটনা এড়াতে নির্বাচন কমিশন একাধিক পদক্ষেপ নিয়ে□। ভোট কেন্দ্রে মোতায়েন থাকা বাহিনী পরিচালনার ক্ষেত্রে বেশ কি□ু নিয়ন্ত্রণ আরোপ করা হয়ে□। মুখ্য নির্বাচনী অধিকরণের দপ্তর থেকে জেলা নির্বাচনী আধিকারিকদের কা□ পাঠানো হয়ে□ নির্দেশিকা। রাজ্যে পাঠানো বিশেষ সাধারণ পর্যবেক্ষক ও বিশেষ পুলিশ পর্যবেক্ষকের নির্দেশ অনুযায়ী এই আচরণবিধি তৈরি করা হয়ে□ বলে খবর। নির্দেশিকা অনুযায়ী, আত্ম সুরক্ষা এবং ভোট কর্মী ও ইভিএম এর নিরাপত্তায় শেষ অস্ত্র হিসেবেই গুলি চালানো যেতে পারে। নির্দেশিকার প্রতিলিপি হিন্দি ও ইংরেজিতে □াপিয়ে জওয়ানদের মধ্যে বিলি করার আদেশ দেওয়া হয়ে□।

উল্লেখ্য, ২০২১ এর বিধানসভা নির্বাচনে কোচবিহারের মাথাভাঙ্গার শীতলকুচিতে এক ভোট গ্রহণ কেন্দ্রে, কেন্দ্রীয় বাহিনীর গুলিতে মৃত্যু হয় ৪ জনের।

----------------------

কেন্দ্রে ক্ষমতাসীন বিজেপি সরকারের বিরুদ্ধে ইডি/সিবিআই-এর মতো কেন্দ্রীয় সংস্হাকে অপব্যবহার করা হচ্ছে – বিরোধীদের এই অভিযোগের মধ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলে□ন, নির্বাচনে পরাজয় আসন্ন জেনেই তারা এই ধরনের দাবি কর□ন। সংবাদসংস্হা এ এন আই-কে এক একান্ত সাক্ষাৎকারে প্রধানমন্ত্রী বলেন, ইডি, সি বি আই বা নির্বাচন কমিশন কোন ক্ষেত্রেই তাঁর সরকার আইন তৈরি করেনি। ইডি যেসমস্ত মামলায় ব্যবস্হা গ্রহণ বা গ্রেফতার করে□, তার মধ্যে মাত্র ৩ শতাংশই রাজনৈতিক নেতাদের বিরুদ্ধে,

(বাইট - প্রধানমন্ত্রী)

----------------------

বেহালা ফ্লাইং ক্লাবে হেলিকপ্টারে আয়কর তল্লাশি নিয়ে আইনী লড়াই করার কথা জানিয়েছেন, তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী। গত রবিবার আয়কর দপ্তরের ঐ তল্লাশি চালানোর পর থেকেই শুরু হয় রাজনৈতিক তরজা। পূর্ব মেদিনীপুরের হলদিয়ায় দলের সাংগঠনিক বৈঠকে যোগ দিয়ে অভিষেক সাংবাদিকদের বলেন, হেলিকপ্টারের ট্রায়াল রানে বাধা দেওয়ার কোনো এক্তিয়ার আয়কর দপ্তরের নেই। প্রতিটি কেন্দ্রীয় সংস্থা বিজেপির তলপিবাহক হিসাবে কাজ করছে বলে তিনি অভিযোগ করেন।

বাইট (অভিষেক)

এদিকে, গতকাল নির্বাচন কমিশনের তিন সদস্যের দল ফ্লাইং ক্লাবে যান। কিছুক্ষণ বাইরে দাঁড়িয়ে থেকে পর্ণশ্রী থানায় গিয়ে দলের অভিযোগের ভিত্তিতে জেলা নির্বাচনী আধিকারিকদের কাছ থেকে বিস্তারিত রিপোর্ট চাওয়া হয়। পরে অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী সাংবাদিকদের জানান, কমিশনের নির্দেশিকা মেনেই এই তল্লাশি চালানো হয়েছিল।

বাইট (অরিন্দম)

----------------------

এবারের লোকসভা নির্বাচনে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে আধিকারিক ও রাজ্যে সরকারের উচ্চ পদস্থ আধিকারিকদের নিরপেক্ষ ভাবে কাজ করার দাবি জানিয়ে সিপিআইএম এর রাজ্যে সম্পাদক মন্ডলীর সদস্য শমীক লাহিড়ী, রবিন দেব, সিপিআইএম এর কলকাতা জেলা সম্পাদক কল্লোল মজুমদার এবং সুখেন্দু পানিগ্রাহী নেতৃত্বে এক প্রতিনিধি দল আজ মুখ্য নির্বাচনী আধিকারিক ডক্টর আরিজ আফতাব এর সঙ্গে দেখা করেন। পরে শমীক লাহিড়ী সাংবাদিক দের বলেন, সরকারি কোষাগার থেকে ভোটার দের ব্যাংক অ্যাকাউন্টে টাকা দেওয়ার বিষয়ে তৃণমূল কংগ্রেসের রেডিওর বিজ্ঞাপন নিয়ে অভিযোগ জানালেও তার কোনো সুরাহা হয় নি। যানবাহনে দেওয়া বিজ্ঞাপনের বিষয়ে অভিযোগ জানিয়ে তিনি বলেন,

বাইট

প্রয়োজনীয় অনুমতি থাকলেও দক্ষিণ কলকাতার সিপিআইএম এর প্রার্থীকে নির্দিষ্ট রাস্তায় প্রচার করতে দেওয়া হয় নি। এসব বিষয়ে সংশ্লিষ্ট আধিকারিকরা ভুল রিপোর্ট দিচ্ছে বলেও শমীক বাবু দাবি করেন।

----------------------

উত্তর দিনাজপুরের দাড়িভিট মামলায় রাজ্য প্রশাসনের তিন শীর্ষ কর্তা অবশেষে হাইকোর্টে হাজিরা দিয়েছেন। আদালতের নির্দেশ অবমাননার অভিযোগ তুলে তাদের হাজিরা দিতে বলে হাইকোর্ট। ভর্ত্সনাও করা হয়। এরপরই গতকাল বিচারপতি রাজশেখর মান্থার এজলাসে ভার্চুয়ালি হাজিরা দেন মুখ্যসচিব ভগবতী প্রসাদ গোপালিকা, স্বরাষ্ট্র সচিব নন্দিনী চক্রবর্তী এবং পুলিশের এডিজি সিআইডি আর রাজশেখরন।

উল্লেখ্য, দাড়িভিট মামলার নিরপেক্ষ তদন্তের আর্জি নিয়ে হাইকোর্টে মামলা করেন তাপস বর্মণ ও রাজেশ সরকারের পরিবার। বিচারপতি মান্থা এনআইএকে মামলা হস্তান্তরের নির্দেশ দেন। কিন্তু রাজ্য সেই নির্দেশ পালন করে নি বলে অভিযোগ। এরপরই ঐ তিন শীর্ষ কর্তার বিরুদ্ধে কেন আদালত অবমাননার রুল জারি হবে না, তা জানতে চান বিচারপতি।

----------------------

দক্ষিণবঙ্গে আগামী কয়েকদিনে ফের তাপপ্রবাহের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল ও বৃহস্পতিবার দুই মেদিনীপুর, ঝাড়গ্রাম, পুরুলিয়া, বাঁকুড়া, দক্ষিণ ২৪ পরগণা এবং দুই বর্ধমানে তাপপ্রবাহের সম্ভাবনা। বাকি জেলাগুলিতে থাকবে অস্বস্তিকর গরম। সামগ্রিকভাবে কলকাতা সহ দক্ষিণবঙ্গের সব জেলাতেই গ্রীষ্মের দহন অনুভূত হবে। পশ্চিম দিক থেকে শুষ্ক গরম হাওয়া প্রবেশ করাতেই তাপমাত্রা হু হু করে বাড়ছে। ১৯ শে এপ্রিল শুক্রবার তাপপ্রবাহ বয়ে যেতে পারে দুই মেদিনীপুর, ঝাড়গ্রাম, দুই বর্ধমান, পুরুলিয়া, বাঁকুড়া, বীরভুম, ও মুর্শিদাবাদ জেলায়। এই সময়ে দক্ষিণবঙ্গের সব জেলাতেই তাপমাত্রা স্বাভাবিকের ২ থেকে ৪ ডিগ্রি ওপরে উঠতে পারে।

কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৮ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে ৩ ডিগ্রি বেশি। গতাকল সর্বোচ্চ তাপমাত্রাও ছিল ৩৮ ডিগ্রির ওপরে। দমদমে তাপমাত্রা প্রায় ৪০ ডিগ্রি ছুঁয়েছে। ব্যারাকপুর, শ্রীনিকেতন সহ বেশ কয়েকটি এলাকায় তা ৪০ ডিগ্রি ছাড়িয়ে যায়।

শারীরিক অসুস্থতা এড়াতে একগুচ্ছ সতর্কতামূলক নির্দেশিকা জারি করেছে আবহাওয়া দপ্তর।

----------------------

কৃষক সম্প্রদায়কে স্বস্তি দিয়ে ভারতীয় আবহাওয়া দপ্তর জানিয়েছে, দেশে এ বছর বর্ষায় স্বাভাবিকের থেকে বেশী বৃষ্টি হবে। নতুন দিল্লীতে আজ দক্ষিণ পশ্চিম মৌসুমী কাল নিয়ে আয়োজিত এক সাংবাদিক বৈঠকে ভূ বিজ্ঞান মন্ত্রকের সচিব ডঃ. এম রবিচন্দ্রন বলেন, এবারের বর্ষায় জুন থেকে সেপ্টেম্বর মাসে গড় বৃষ্টিপাতের পরিমাণ ১শোও৬ শতাংশ হতে পারে। তবে উত্তর পশ্চিম, পূর্ব এবং উত্তর পূর্বের রাজ্যগুলিতে স্বাভাবিকের থেকে কম বৃষ্টি হবে।

আই এম ডি প্রধান ডঃ. মৃত্যুঞ্জয় মহাপাত্র বলেন, পয়লা জুন থেকে ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত সারা দেশে মোট বৃষ্টিপাতের গড় হবে ৮৭ সেন্টিমিটার। বর্ষার প্রারম্ভিক পর্যায়ে এল নিনো পরিস্থিতি দূর্বল হয়ে পড়বে। আগষ্ট থেকে সেপ্টেম্বরে বৃষ্টিপাতের পক্ষে অনুকূল লা নিনা পরিস্থিতি আরও শক্তিশালী হবে। ১৯৫১ থেকে ২০২৩ সাল পর্যন্ত যখনই এল নিনোর পর লা নিনা পরিস্থিতি তৈরী হয়েছে, তখনই ভারতে স্বাভাবিকের বেশী বৃষ্টি হয়েছে বলে শ্রী মহাপাত্র উল্লেখ করেন।

----------------------

মোহনবাগান সুপার জায়ান্ট আইএসএল ফুটবলে লিগ শিল্ড জয় করেছে। যুব ভারতী ক্রীড়াঙ্গনে গতকাল মোহনবাগান ২-১ গোলে মুম্বাই সিটি এফ সি, কে হারিয়ে আইএসএলের দশ বছরের ইতিহাসে এই প্রথমবার লিগ শিল্ড জয়ের নজির গড়ল। ২২ ম্যাচে ৪৮ পয়েন্ট নিয়ে লিগে শীর্ষ স্থান দখল করে সবুজ মেরুন দল এই খেতাব জিতলো। মোহনবাগানের সামনে এখন আইএসএল ট্রফি জিতে ডাবল করার সুযোগ থাকছে।

মোহনবাগানের পক্ষে লিস্টন কোলাসো ও জেসন কামিংস এবং মুম্বাই দলের লালিয়ানজুয়ালা □্যাতে গোল করে□ন। মোহনবাগান ও মুম্বাই দুটি দলই আইএসএলের সেমিফাইনালে গেল।

-----------------------

আইপিএলে কলকাতা নাইটরাইডার্স আজ ইডেন গার্ডেন্সে তাদের পরবর্তী ম্যাচে রাজস্থান রয়্যালস এর বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। রাজস্থান ৬ টি ম্যাচের মধ্যে ৫ টিতে জিতে ১০ পয়েন্ট নিয়ে বর্তমানে লিগতালিকার শীর্ষে রয়ে□। অন্যদিকে, কলকাতা ৫ ম্যাচে ৪ টিতে জিতে ৮ পয়েন্ট নিয়ে দ্বিতীয় স্থানে রয়ে□।

এর আগের খেলায় কলকাতা, লখনউ সুপার জায়ান্টসকে ৮ উইকেটে হারিয়ে দেয়। স্বাভাবিকভাবেই আজকের ম্যাচকে ঘিরে দর্শকদের মধ্যে উন্মাদনা তুঙ্গে।

----------------------- -----------------------